



টুইটার হ্যাকারদের শনাক্ত, মুখোশ উন্মোচন করা হবে: জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান জানিয়েছেন, তাঁর এক্স (টুইটার) হ্যাণ্ডেল হ্যাক করে আপত্তিকর পোস্ট ছড়ানো হয়েছে। এ ঘটনায় জড়িতদের শনাক্ত করা হয়েছে এবং শিগগিরই তাদের পরিচয় প্রকাশ করা হবে বলে তিনি সতর্ক করেন।

রোববার (১ ফেব্রুয়ারি) সন্ধ্যায় ঢাকা-১৫ আসনের এক নির্বাচনী পথসভায় তিনি এসব কথা বলেন। তিনি দাবি করেন, তরুণদের নেতৃত্বে একটি স্বপ্নের বাংলাদেশ গড়তে চায় জামায়াত; যেখানে প্রবীণরা পাশে থেকে দিকনির্দেশনা দেবেন। অপরাধের ক্ষেত্রে কোনো ছাড় দেওয়া হবে না, নারীর নিরাপত্তা নিশ্চিত করা হবে এবং চাঁদাবাজির বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়া হবে বলেও জানান তিনি।

বক্তব্যে তিনি আরও বলেন, কিছু রাজনৈতিক পক্ষ 'ফ্যামিলি কার্ড' দেওয়ার প্রতিশ্রুতি দিচ্ছে, তবে তাদের হাতে দেশ নিরাপদ নয়। পরাজয় আঁচ করতে পেরে একটি দল অস্থির হয়ে পড়েছে বলেও মন্তব্য করেন তিনি। তাঁর ভাষায়, নির্ধারিত তারিখে ন্যায়বিচারের পক্ষে রায় আসবে।

এর আগে, একই দিন দুপুরে জামালপুরের সিংহজানী বহুমুখী উচ্চ বিদ্যালয় মাঠে আরেক জনসভায় তিনি বলেন, এই নির্বাচন অতীতের দীর্ঘ সময় ধরে গড়ে ওঠা দমনমূলক রাজনীতির অবসান ঘটানোর সুযোগ এনে দিয়েছে।

উল্লেখ্য, শনিবার বিকেলে তাঁর এক্স অ্যাকাউন্ট থেকে নারীদের নিয়ে একটি অবমাননাকর পোস্ট ছড়িয়ে পড়ার পর বিষয়টি নিয়ে আলোচনা শুরু হয়।